দৈনিক বাংলা

তারিখ 18 FEB 1994
পৃষ্ঠা ২ কলাম ৩

47

### প্রধানমন্ত্রীর সভানেত্রীত্বে উচ্চ পর্যায়ের বৈঠক

# প্রতি থানায় ৭ শিক্ষা প্রতিষ্ঠান উন্নয়নের সিদ্ধান্ত

সরকার সারাদেশে শিক্ষার সুযোগ–সুবিধা সম্প্রসারণের জন্য প্রতি থানায় একটি কলেজ, ৪টি হাইস্কুল, একটি গার্লস স্কুল এবং একটি মাদ্রাসা উন্নয়নের পরিকল্পনা নিয়েছে।

বৃহস্পতিবার প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার সভানেত্রীত্বে ঢাকার আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে অনুষ্ঠিত শিক্ষা মন্ত্রণালয়ের এক উচ্চ পর্যায়ের বৈঠকে এ কথা ঘোষণা করা হয়। বিভিন্ন উন্নয়ন প্রকল্পের আওতায় এ পরিকল্পনার বাস্তবায়ন হবে। খবর বাসস'র।

বৈঠকে চলতি বার্ষিক উন্নয়ন কর্মসূচীর (এডিপি) আওতায় শিক্ষা মন্ত্রণালয়ের বিভিন্ন বাস্তবায়নাধীন প্রকল্পের অগ্রগতি পর্যালোচনা করা হয়। বর্তমানে '৯৩–৯৪ এডিপি'র আওতায় ৩৫৮ কোটি ৮৮ লাখ টাকা বরাদ্দে শিক্ষা মন্ত্রণালয়ের মোট ৫৬টি প্রকল্প বাস্তবায়নাধীন আছে। ইতিমধ্যে চলতি অর্থ বছরের প্রথম সাত মাসে বরাদ্দকৃত অর্থের ১৪৪ কোটি ৩১ লাখ টাকা খরচ হয়েছে বলে বৈঠকে অবহিত করা হয়।

বৈঠকে আরও জানানো হয়, শিক্ষা প্রসারে সহায়তার লক্ষ্যে কলেজ শিক্ষকদের প্রশিক্ষণ দেয়ার জন্য আগামী অর্থ বছরে দেশে চারটি উচ্চ শিক্ষা প্রশিক্ষণ ইনস্টিটিউট প্রতিষ্ঠা করা হবে।

এছাড়া ইংরেজী ভাষা শিক্ষার মানোন্নয়নের জন্য পাঁচটি বিভাগীয় সদরে ইংরেজী ভাষা কেন্দ্রও স্থাপন করা হবে।

বৈঠকে বর্তমান পরিদর্শন পদ্ধতির দুর্বলতাসমূহ চিহ্নিত করা হয় এবং এগুলো জোরদার করার প্রয়োজনীয়তার ওপর গুরুত্বারোপ করা হয়। তাছাড়া আত্মকর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে বৃত্তিমূলক শিক্ষা উপখাতের জন্য বাজেটে বরাদ্দ বাড়ানোর সিদ্ধান্ত গৃহীত হয়।

অর্থমন্ত্রী এম সাইফুর রহমান, শিক্ষামন্ত্রী জমিরউদ্দীন সরকার, পরিকল্পণা প্রতিমন্ত্রী ডঃ মঈন খান, মন্ত্রিপরিষদ সচিব আইয়ুবুর রহমান, প্রধানমন্ত্রীর মুখ্য সচিব এ এম এম ইউসুফ ও অন্যান্য উচ্চপদস্থ কর্মকর্তারা বৈঠকে উপস্থিত ছিলেন।